শ্রীনৃসিংহদেবের প্রতি প্রার্থনা

জয় নৃসিংহ শ্রীনৃসিংহ
জয় জয় জয় শ্রীনৃসিংহ
উগ্রং বীরং মহাবিষু(ং
জ্বলন্তং সর্বতো মুখম্ ।
নৃসিংহং ভীষণং ভদ্রং
মৃত্যোর্মৃত্যুং নমাম্যহম্ ।।
শ্রীনৃসিংহ জয় নৃসিংহ জয় জয় নৃসিংহ ।
প্র(াদেশ জয় পদ্মামুখপদ্ম ভৃঙ্গ।।

অনুবাদক ও প্রকাশক ঃ অদ্বৈত আচার্য দাস ব্রহ্মচারী
ইস্‌কন, শ্রীধাম মায়াপুর, নদীয়া ।
পিন ঃ৭৪১৩১৩
ই-মেল ঃ [illegible]

সংশোধিত তৃতীয় সংস্করণ ঃ শ্রীশ্রীনৃসিংহ চতুর্দশী, ২০০৭, ৫০০০ কপি

এই পুস্তিকা মুদ্রণের জন্য আনুকূল্য করেছেন
ভগবান শ্রীনৃসিংহদেবের কৃপা ধন্য—

q শ্রী অদ্বৈত আচার্য দাস
q শ্রী রাধাকান্ত দাসাধিকারী
q শ্রী ঈশ্বর কৃষ্ণ দাসাধিকারী

মুদ্রণ ঃ-শ্রীকৃষ্ণ প্রেস এন্ড ডি.টি.পি. সেন্টার
বল্লালদিঘী, শ্রীমায়াপুর, নদীয়া, [illegible]

শ্রীশ্রীনৃসিংহ অবতার

'হরেকৃষ্ণ টুডে' পত্রিকায় নৃসিংহ অবতার সম্পর্কে শ্রীঅর্জুন দাস একটি নিবন্ধ লিখেছেন। তার বাংলা অনুবাদ এখানে তুলে ধরা হল।

শ্রীবিষ্ণুর প্রধান দশ অবতারের মধ্যে চতুর্থ অবতার হলেন শ্রীনৃসিংহদেব। শ্রীল ব্যাসদেবের পিতা মহর্ষি পরাশর তাঁর '' হোরা শাস্ত্রে'' শ্রী নৃসিংহদেবকে পরমেশ্বর ভগবানের চারটি স্বরূপের মধ্যে অন্যতম প্রধান প্রকাশ বলে বর্ণনা করেছেন। শ্রীনৃসিংহদেব হচ্ছেন পুরোপুরি পরমাত্মাংশ এবং ভগবানের অপরাপর প্রকাশের অন্যতম।

শ্রীমদ্ ভাগবতের ৭ম স্কন্ধে পরমেশ্বর ভগবান নৃসিংহদেবের বিস্ময়কর আবির্ভাব এবং মহিমার বর্ণনা রয়েছে।

বহুদিন পূর্বে হিরণ্যকশিপু নামে এক মহাশক্তিশালী দৈত্য ছিল। সে স্বর্গের রাজা ইন্দ্রসহ অপরাপর দেবতাদেরকে যুদ্ধে পরাজিত করে বিশ্বব্রহ্মাণ্ডের একচ্ছত্র অধিপতি হয়ে বসে। হিরণ্যকশিপু নিজের অমরত্ব লাভের জন্য এক সময় কঠোর তপস্যায় নিয়োজিত হয়। নিজের দুই হাত ঊর্ধ্বে তুলে নিরবচ্ছিন্নভাবে দাঁড়িয়ে সে সৃষ্টিকর্তা ব্রহ্মার কাছ থকে অমরত্ব লাভের বর পাওয়ার জন্য দীর্ঘদিন কৃচ্ছতা অবলম্বন করে। এভাবে বহু বছর অতিক্রান্ত হয়। এক সময় হিরণ্যকশিপুর মাথার উপরিভাগ থেকে আগুন এবং ধোঁয়া বের হতে থাকে। ফলে বিশ্বব্রহ্মাণ্ডের সব প্রাণীর জীবন সংশয় হয়ে পড়ে। তখন সৃষ্টিকর্তা ব্রহ্মা আবির্ভূত হয়ে হিরণ্যকশিপুকে বলেন যে তিনি (ব্রহ্মা) নিজেও অমর নন। তাই তিনি কি করে তাকে অমর বর দিতে পারেন? হিরণ্যকশিপুকে তখন এই প্রতিশ্রুতি (বর) দেওয়া হয় যে, সে কোন অস্ত্র, দৈত্য-দানব, দেবতা, মনুষ্য, পশু ইত্যাদি দ্বারা নিহত হবে না। এমনকি সে বহির্দ্বার বা অন্তর্দ্বারে এবং দিনে বা রাতে নিহত হবে না।

হিরণ্যকশিপু যখন ব্রহ্মার কাছ থেকে বর লাভের জন্য রাজ্য ত্যাগ করে কৃচ্ছ সাধনে নিয়োজিত হয়, সেই সময় ইন্দ্র তার অন্তসত্ত্বা (গর্ভবতী) স্ত্রীকে হরণ করে নিয়ে যান। উদ্দেশ্য ছিল তার গর্ভস্থ সন্তানকে বিনষ্ট করা। কারণ ইন্দ্রসহ অন্যান্য দেবতারা মনে করেছিলেন, এই গর্ভস্থ সন্তানও হিরণ্যকশিপুর মতোই একজন মহাশক্তিশালী দানব হবে। এই ধারণার বশবর্তী হয়েই ইন্দ্র গর্ভস্থ সন্তান বিনাশ করার লক্ষ্যে হিরণ্যকশিপুর স্ত্রীকে হরণ করেছিলেন। কিন্তু দেবর্ষি নারদ দেবতাদের এই কাজে নিবৃত্ত করেন। তিনি হিরণ্যকশিপুর স্ত্রীকে হিমালয় পর্বতে অবস্থিত তাঁর আশ্রমে নিয়ে যান। তিনি সেখানে এই রমণী এবং তার গর্ভস্থ সন্তানকে পরমেশ্বর ভগবান সম্পর্কিত সর্বোত্তম জ্ঞান এবং উত্তম সেবা সম্পর্কে বিভিন্ন ধরনের উপদেশ

প্রদান করেন। হিরণ্যকশিপু তপস্যা থেকে ফিরে এসে যখন দেবতাদের ওপর পুনরায় আধিপত্য বিস্তার করে, তখন তার কাছে নারদ মুনি স্ত্রী এবং পুত্র প্র(াদকে ফিরিয়ে দেন।

অল্প বয়স থেকেই প্র(াদ বিষু(র পরম ভক্ত(হয়ে ওঠেন। এজন্য তাঁর পিতা এবং শি(কদের নিষেধ এবং বিভিন্ন ধরনের উপদেশ সত্ত্বেও স্কুলের বন্ধু-বান্ধবদেরকে বিষু(ভক্ত(হওয়া এবং তাঁর (বিষু(র) সেবার জন্য সদুপদেশ দিতেন। শ্রীবিষু(কে হিরণ্যকশিপু তার জাত শত্রু বলে মনে করত। এখন শত্রুর প্রতি পুত্র প্র(াদের অচলা ভক্তি(দেখে হিরণ্যকশিপু হতাশ হয়ে পড়ে। শেষে প্র(াদকে বিভিন্ন উপায়ে মারার জন্য চেষ্টা করে। কিন্তু পরমে(র ভগবান শ্রীবিষু(র কৃপায় প্রতিবারই প্র(াদ র(া পেয়ে যান।

হোলিকা নামে হিরণ্যকশিপুর এক বোন ছিল। তার এমন একটি শাড়ি ছিল যা তাকে আগুন থেকে র(া করতে পারতো। একদিন হোলিকা প্র(াদকে নিয়ে ঐ শাড়ি পরে আগুনে ঝাঁপ দেয়, যাতে প্র(াদ অগ্নিদগ্ধ হয়ে মারা যান। কিন্তু পরমে(র শ্রীবিষু(র কৃপায় প্র(াদ র(া পান, বরং হোলিকা নিজেই অগ্নিগদ্ধ হয়ে মারা যায়। এই ঘটনা স্মরণ করেই বি(ের বিভিন্ন স্থানের হিন্দুরা প্রতিবছর ফাল্গুন মাসের পূর্ণিমার দিন হোলি বা হোলিকা উৎসব পালন করে থাকেন।

কোনত্র(মেই বিষু(ভক্তি(থেকে বিচ্যুত করতে না পেরে একদিন হিরণ্যকশিপু প্র(াদকে ডেকে জিজ্ঞাসা করে যে, তাঁর পরিত্রাণকারী ভগবান কোথায় থাকেন? উত্তরে প্র(াদ বলেন তিনি সর্বত্র এবং সব কিছুর মধ্যেই বিরাজ করেন। হিরণ্যকশিপু তখন একটি স্তম্ভ দেখিয়ে বলে এর মধ্যেও কি তিনি (ভগবান) আছেন। প্র(াদ বলেন, হ্যাঁ। হিরণ্যকশিপু প্রচণ্ড রেগে গিয়ে বলে, তাহলে এখনই আমি তাঁকে মেরে ফেলব। এই বলে হিরণ্যকশিপু নিজের গদা দিয়ে জোরে ঐ স্তম্ভে আঘাত করে। তখনই ঘোর গর্জনে বজ্রের মতো শব্দ করে নৃসিংহদেব ঐ স্তম্ভে আবির্ভূত হন। বিড়াল যেমন ইদুঁরকে নিয়ে খেলা করে সেই ধরনের যুদ্ধ করে নৃসিংহদেব এক সময় হিরণ্যকশিপুকে তাঁর উ(তে স্থাপন করে হাতের আঙ্গুলের কঠিন নখাঘাতে ছিন্নবিচ্ছিন্ন করে ফেলেন।

ভগবান শ্রীনৃসিংহদেব কিন্তু হিরণ্যকশিপুকে বধ করার সময় ব্রহ্মার প্রদত্ত সব প্রতিশ্রুতি র(া করেছিলেন। কারণ তিনি অর্ধমনুষ্য এবং অর্ধসিংহ রূপে আবির্ভূত হয়েছিলেন এবং হিরণ্যকশিপুকে গোধূলি সময়ে তার প্রাসাদের প্রবেশ দ্বারের মধ্যবর্তী স্থানে নিহত করা হয়। এভাবে শ্রীনৃসিংহদেব তাঁর পরম ভক্ত(প্র(াদকে র(া করার পাশাপাশি বি(ব্রহ্মাণ্ডকে এক অত্যাচারী শাসকের হাত থকে মুক্ত(করেন। এইজন্য তাঁকে ভক্ত(বৎসল হিসাবে অভিহিত করা হয় এবং যথার্থ বুদ্ধিমান ব্যক্তি(রা তাঁর পূজার্চ্চনা করে থাকেন।

ইস্‌কন শ্রীধাম মায়াপুরে

শ্রীনৃসিংহদেবের আগমন

—আত্মতত্ত্ব দাসাধিকারী

১৯৮৪ সালের ২৪ শে মার্চ, রাত্রি ১২.২০ মিনিটে গোলা-বা(দ ও অস্ত্রশস্ত্র নিয়ে ৩৫ জনের এক ডাকাত দল শ্রীমায়াপুরচন্দ্রোদয় মন্দির আত্র(মণ করে। ওরা ভক্ত(দের হয়রান করে এবং গালাগালিও করছিল। পরিস্থিতি আরও ঘোরালো হয় যখন ওরা শ্রীল প্রভুপাদের এবং শ্রীমতী রাধারাণীর বিগ্রহ অপরহণ করতে চেষ্টা করে। ভক্ত(রা নির্ভয়ে ডাকাতদের মোকাবিলা করতে এগিয়ে যান। শ্রীল প্রভুপাদ আর শ্রীমতী রাধারাণীকে নিয়ে চলে যাবে, তাঁরা কি তাতে নীরব দর্শক হয়ে থাকবেন? ডাকাতদের প্রতি গুলি ছোঁড়া হয়, কয়েকজন ডাকাত মারাও পড়ে, ওদের পরিকল্পনা ভেস্তে যায়। শ্রীল প্রভুপাদকে উদ্ধার করা গিয়েছিল, কিন্তু শ্রীমতী রাধারাণীকে আর প্রধান বেদীতে বিদ্যমান দেখা গেল না।

এই ঘটনা ভক্ত(দের মনকে সত্যিই খুব নাড়া দিয়েছিল। এর একটি স্থায়ী সমাধান করার জন্য বিশেষত পরিচালক মণ্ডলী খুবই চিন্তিত হয়ে পড়লেন। এটা মায়াপুরের ভক্ত(দের প্রতি প্রথম আত্র(মণ নয়। মায়াপুরের তৎকালীন যুগ্ম-নির্দেশক ভবানন্দ দাস মন্দিরে শ্রীনৃসিংহদেব প্রতিষ্ঠা করার পরামর্শ প্রদান করেন। যোগপীঠের ভক্ত(দেরকে যখন ডাকাতরা



হুমকি দিচ্ছিল, তখন শ্রীল ভক্তি(বিনোদ ঠাকুর ও তাঁর পুত্র শ্রীল ভক্তি(সিদ্ধান্ত সরস্বতী ঠাকুর সত্বর শ্রীশ্রীলক্ষ্মীনৃসিংহদেব প্রতিষ্ঠা করেন। তারপর থেকে আর কোনও উপদ্রব হয়নি। মায়াপুরের অন্যান্য ভক্ত(রা অবশ্য এইভাবে তাঁদের অনুসরণ করতে তেমন আগ্রহী ছিলেন না। পূজারীকে হতে হবে আজন্ম নৈষ্ঠিক ব্রহ্মচারী, নৃসিংহদেবের পূজো করতে হবে কঠোর নিষ্ঠা সহকারে। তাঁর পূজো করতে কে প্রস্তুত আছে?

এই সমস্ত আপত্তি থাকা সত্ত্বেও ভবানন্দ দাস শ্রীশ্রীনৃসিংহদেবকে মায়াপুরে আনতে উৎসাহী ছিলেন। তিনি ভক্তি(সিদ্ধান্ত প্রভু আর আমাকে তার কয়েকটি ছবি আঁকতে বললেন। একদিন স্বতঃপ্রণোদিত হয়ে তিনি বললেন যে, শ্রীবিগ্রহের পা দুটি হবে বাঁকানো, লাফিয়ে পড়তে প্রস্তুত, তিনি দেখতে হবেন, হিংস্রভাবে এদিক ওদিক দেখছেন এমন, তাঁর হাতের আঙ্গুলগুলি থাকবে একটু বাঁকানো, তাঁর মস্তক থেকে আগুনের মতো শিখা নির্গত হবে। এই ধরনের একটি বিগ্রহের ছবি আমি অঙ্কন করি।

ভক্ত(রা তা পছন্দ করলেন, পঙ্কজাঙ্ঘ্রী দাস তাঁর অর্চন করতে রাজী হলেন। কলকাতার একজন ধনাঢ্য ভক্ত(রাধাপদ দাস ঐ বিগ্রহ নির্মাণ এবং প্রতিষ্ঠার জন্য যাবতীয় ব্যয়ভার বহন করতে চাইলেন। তাতে মনে হল, ইসকন মায়াপুরে শ্রীনৃসিংহদেবের আবির্ভাব ঘটানো একটি বেশ সহজসাধ্য ব্যাপার হবে। রাধাপদ দাস সত্বর ১,৩০,০০০ টাকা দান করলেন, তাতে মাস তিনেকের মধ্যেই প্রতিষ্ঠার জন্য বিগ্রহ প্রস্তুত হয়ে যাবে।

এই সব কাজের জন্য আমি দ(ণ ভারতে গেলাম। শ্রীকৃষে(র কৃপায় খুব সত্বর আমি একজন বিখ্যাত ভাস্করের সঙ্গে যোগাযোগ করলাম। এই ভাস্কর কিন্তু শুধু বিগ্রহ খোদাই করেন তা-ই নন, তিনি একজন মন্দিরের ভাস্কর এবং বাস্তুকারও বটে। আমরা যে তাঁকে উগ্রনৃসিংহ বিগ্রহ খোদাই করতে বলব তা না জানা পর্যন্ত তিনি ভালই কথাবার্তা বলছিলেন। এইরূপ বিগ্রহ বানানোর প্রস্তাব দিলে তিনি তা সম্পূর্ণ প্রত্যাখ্যান করলেন। আমি আরও অনেক ভাস্করের নিকট গেলাম, কিন্তু উত্তর সব জায়গা থেকে একই পাওয়া গেল ঃ না। মায়াপুর থেকে দ(ণ ভারতে যাতায়াত বেশ কয়েকবার করলাম, ছয় মাস কেটে গেল, কিন্তু শ্রীনৃসিংহদেব শ্রীবিগ্রহরূপে এখনও প্রকট হলেন না।

মায়াপুরে শ্রীনৃসিংহদেবের প্রতিষ্ঠা দেখার জন্য রাধাপদ দাস অত্যন্ত উদ্‌গ্রীব। তিনি আমাকে বললেন, আমি যে ভাস্করের নিকট প্রথমে গিয়েছিলাম তাঁর সঙ্গে দেখা করে তাঁকে

যেন আমাদের আবেদনটি পুনরায় পেশ করি। এইবার ঐ ভাস্করকে যেন একটু সদয় বলে মনে হল, উনি আমাকে শিল্প-শাস্ত্র (মন্দিরের বাস্তুবিদ্যা এবং ভাস্কর্য বিষয়ক বৈদিক শাস্ত্র) থেকে একটি অধ্যায় পড়তে দিলেন, যেখানে বিভিন্ন বিগ্রহ সম্বন্ধে বর্ণনা রয়েছে, শ্রীনৃসিংহদেবের বর্ণনা সম্পর্কিত কয়েকটি (-াক তিনি জোরে জোরে নিজেও পাঠ করলেন। তাঁর অগ্নিশিখার মতো কেশর বেশ কয়েকটি (-াকে ব্যাখ্যা করা হয়েছে। তাঁর অনুসন্ধানী দৃষ্টি আর তাঁর হাঁটু ভাঁজানো, একটি পা সামনের দিকে বাড়ানো, স্তম্ভ থেকে ঝাঁপিয়ে পড়তে প্রস্তুত। উনি যখন এই সমস্ত পাঠ করলেন, আমি তাজ্জব হয়ে গেলাম! এইটিই তো আমরা চাইছি। আমি যে ছবি এঁকেছিলাম, তা উনাকে দেখালাম। তিনি তাতে খুশী হলেন এবং তিনি নিজে শাস্ত্রীয় বর্ণনা অনুসারে বিগ্রহ খোদাই-এর সহায়ক একখানি ছক করলেন। তিনি আমাকে স্মরণ করিয়ে দিলেন যে, তিনি অবশ্য নিজে ঐ বিগ্রহ খোদাই করবেন না। এক সপ্তাহ ধরে তিনি ঐ ছবিটি আঁকলেন, আর তা হয়েছিলও খুব সুন্দর। আমি মায়াপুরে ফিরে এসে কর্তৃপ(কে ঐ ছবিখানি দেখালাম। প্রত্যেকেই চাইলেন যে, ঐ ভাস্করই যেন ঐ বিগ্রহ খোদাই করেন। তাঁকে রাজী করার জন্য আবার আমাকে দ(ণ ভারতে যেতে হল।

আমি সোজা ঐ ভাস্করের বাড়ীতে গেলাম। বড় উদ্বেগে ছিলাম। শ্রীনৃসিংহদেব যেন কৃপা করে শ্রীমায়াপুর ধামে আমাদের মন্দিরে প্রকট হতে রাজী হন, —এই প্রার্থনা ছাড়া আমি আর কী করতে পারি? আমি তাঁকে দুটো কথা বলতে না বলতেই উনি বললেন যে, তিনি শ্রীবিগ্রহ খোদাই করবেন। কীভাবে তিনি এই সিদ্ধান্তে উপনীত হলেন, তা এক মজার ব্যাপার।

এই ভাস্কর আমাদের অনুরোধ নিয়ে তাঁর গু(দেব কাঞ্চিপুরমের শঙ্করাচার্যের নিকট গিয়েছিলেন। তাঁর গু(দেব সঙ্গে সঙ্গে উত্তর দেন—"করবে না। তোমার বংশনাশ হবে।" মুহূর্ত কাল চিন্তা করে তিনি জিজ্ঞাসা করলেন, "এই বিগ্রহ খোদাই করতে তোমাকে কে বলছে?" যখন তিনি শুনলেন যে, নবদ্বীপ থেকে হরেকৃষ(ভক্ত(রা চাইছেন, তিনি খুব চিন্তিত হয়ে পড়লেন। "ওরা উগ্রনৃসিংহ চাইছে? উগ্রনৃসিংহ খোদাই করা আর তা প্রতিষ্ঠা করার জটিলতা সম্বন্ধে কি ওদের কোন ধারণা আছে? ৩০০০ বৎসর পূর্বে খুবই উন্নত ভাস্করেরা কেবল এইরূপ বিগ্রহ বানাতেন। মহিশূরে যেতে এক জায়গায় এক ভয়ঙ্কর উগ্রনৃসিংহ প্রতিষ্ঠিত ছিলেন। নৃসিংহদেব তাঁর কোলের উপর অসুর হিরণ্যকশিপুর ব(বিদীর্ণ করে তার নাড়িভুড়ী বের করে সারা বেদীর উপর ছড়িয়েছেন। ওখানকার অর্চন ছিল খুব উচ্চ মানের, ওখানে প্রতিদিন হাতী সহযোগে শোভাযাত্রা করে উৎসব হত। কালক্র(মে অর্চনে ভাঁটা পড়ে। বর্তমানে ঐ স্থান যেন একটি ভুতুড়ে শহর। পুরো গ্রামটিই ধ্বংস হয়ে গিয়েছে। কেউ ওখানে শান্তিতে থাকতে পারে না। ওরাও কি ওদের ওখানে তেমনটি চাইছে?"

ভাস্কর বললেন, ''ওরা একেবারে নাছোড়বান্দা। প্রতিনিয়ত ওরা আমার নিকট বিগ্রহ সম্বন্ধে কথা বলতে আসছে। মনে হয় ওদের ডাকাত নিয়ে কিছু সমস্যা হচ্ছে।'' বিগ্রহের একটি ছবি তাঁর গু(দেবের হাতে দিয়ে তিনি বললেন, ''ওরা এই বিগ্রহ চাইছে।'' তাঁর গু(দেব ছবিটি নিয়ে খুব ভালোভাবে দেখলেন।

তিনি বললেন, ''ও,এ তো উগ্র শ্রেণীর, কিন্তু এই বিশেষ ভাবের বিগ্রহকে বলা হয় স্থানু-নৃসিংহ। এই পৃথিবীর কোথাও উনি নেই। এমনকি স্বর্গে দেবতারাও এই রূপের আরাধনা করেন না। হ্যাঁ, এই বিগ্রহ উগ্র শ্রেণীর। উগ্র মানে ভয়ঙ্কর, ভীষণ ক্র(দ্ধ। এই শ্রেণীতে নয় প্রকার রূপ রয়েছে। এঁরা সকলেই খুব ভয়ঙ্কর। এরা যেটা চাইছে স্থানু-নৃসিংহ ঃ স্তম্ভ থেকে বেরোচ্ছেন। না। এ বিগ্রহ খোদাই করো না। তোমার জন্য তা মঙ্গলজনক হবে না। এ সম্বন্ধে আমি পরে তোমার সঙ্গে কথা বলব।''

কয়েকদিন পর ঐ ভাস্কর একটি স্বপ্ন দেখেন। স্বপ্নে তাঁর গু(দেব এসে তাঁকে বললেন, ওদের জন্য তুমি স্থানু-নৃসিংহ খোদাই করতে পার। পরের দিন তিনি কাঞ্চিপুরম থেকে লোকমারফৎ প্রেরিত একখানি পত্র পান। ঐ পত্রখানি শঙ্করাচার্য প্রেরিত, তাতে তিনি মন্দির সংস্কার সংক্র(ান্ত কিছু উপদেশ প্রদান করেছেন। তার নীচে একটি পাদটিকা ছিল। তাতে লেখা ছিল, ''ইসকনের জন্য তুমি স্থানু-নৃসিংহ খোদাই করতে পার।''

ভাস্কর আমাকে ঐ পত্রখানি দেখিয়ে বললেন, ''আমার গু(দেব আমাকে আশীর্বাদ করেছেন। আপনাদের বিগ্রহ আমি বানিয়ে দেব।'' আমি আনন্দে বিহ্বল হয়ে উঠি। আমি উনাকে কিছু টাকা অগ্রিম দিলাম, আর জিজ্ঞাসা করলাম, বিগ্রহ খোদাই করতে কত সময় লাগবে? তিনি বললেন ছয় মাসের মধ্যে প্রতিষ্ঠার জন্য বিগ্রহ তৈরী হয়ে যাবে। আমি মায়াপুরে ফিরে আসি।

পবিত্র ধামে চারমাস নিশ্চিন্তে কাটিয়ে আমি ভাবলাম দ(ি ণ ভারতে গিয়ে নৃসিংহদেবের পূজোর জন্য প্রয়োজনীয় ভারী ওজনের পেতলের জিনিসপত্র কিনে তারপর বিগ্রহ নিয়ে ফিরব। ভাস্করের সঙ্গে সা(াৎ না হওয়া পর্যন্ত, সেই যাত্রা ছিল সুব্যবস্থিত ও নির্বিঘ্নের। আমি উনাকে বললাম, পূজোর জন্য প্রয়োজনীয় সমস্ত জিনিসপত্র কেনা হয়ে গিয়েছে, আমি বিগ্রহ নিতে এসেছি। ভাস্কর আমার দিকে এমনভাবে তাকালেন, আমি

বোধ হয় বড় নির্বোধ, উনি বলে উঠলেন, ''কি বিগ্রহ? আমি এখনও পর্যন্ত উপযুক্ত(শিলা-ই পাইনি।'' আমি তো তা ভেবে উঠতেই পারছিলাম না। আমি বললাম, ''আপনি আমায় বলেছিলেন, তিনি ছয় মাসের মধ্যে প্রস্তুত হয়ে যাবেন।'' উনি বললেন, ''আমি আমার প্রতিশ্রুতি বজায় রাখব, শিলা পাওয়ার ছয় মাস পরে প্রতিষ্ঠার জন্য বিগ্রহ প্রস্তুত হয়ে যাবে।'' কথাগুলো উনি বেশ জোরের সঙ্গেই বললেন, কিন্তু এত দেরী হওয়ার কারণ কী তা আমি বুঝতেও পারছিলাম না আর তা মেনে নিতেও পারছিলাম না। আমি হতাশ হয়ে প্রতিবাদ করলাম, ''সারা দ(ি ণ ভারত জুড়ে কত বড় বড় শিলাখণ্ড রয়েছে। সমস্যাটা কোথায়?'' শি(ক যেভাবে তাঁর কম বুদ্ধিসম্পন্ন ছাত্রের দিকে দেখতে থাকেন, উনি যেন আমার দিকে সেইভাবেই দেখছিলেন, উনি সুচিন্তিত ভাবে বললেন, '' আমি কোনও উদুখল বানাচ্ছি না। আমি শ্রীবিগ্রহ বানাচ্ছি। শাস্ত্র আমাদের বলেন যে, বিষু(বিগ্রহ বানাতে কেবল জীবন্ত শিলা-ই ব্যবহার করা যাবে। যে শিলাখণ্ডের সাতটি স্থানে আঘাত করলে প্রতিটি স্থান থেকে শাস্ত্রানুসারে শব্দ উৎপন্ন হবে, সেই শিলা হবে যথার্থ। আবার আর একভাবেও ঐ শিলা জীবন্ত কি না নির্ধারণ করা যায়। এক রকমের পোকা আছে, ওরা স্ফটিক ধরনের শিলা খায়। ঐ পোকা যদি সেই শিলার এক প্রান্ত থেকে খেয়ে ছিদ্র করে অপর প্রান্ত দিয়ে বেরিয়ে আসে, আর তাতে ঐ ছিদ্র বরাবর থাকে, তাহলে সেটি যে জীবন্ত শিলা তাতে আর কোনও সন্দেহ থাকে না। এই ধরনের শিলাখণ্ড থেকেই কেবল আপনার নৃসিংহদেব বানানো যাবে। এই ধরনের শিলা কবিতা বলে। এইরূপ শিলা থেকে খোদাই করা শ্রীবিগ্রহের মধ্যে যথার্থ বিগ্রহের সমস্ত বৈশিষ্ট্য সুন্দরভাবে প্রস্ফুটিত হবে। ধৈর্য ধ(ন। আমি আন্তরিকাতর সঙ্গে এক খণ্ড ছয় ফুটের শিলা অনুসন্ধান করছি।''

আমি চমৎকৃত, আবার একটু উদ্বিগ্নও। মায়াপুরের ভক্ত(রা খুব সত্বর বিগ্রহ আসবে বলে চেয়ে আছেন। আমি এখন তাঁদের নিকট কিভাবে এই 'জীবন্ত শিলা' অনুসন্ধান ব্যাখ্যা করব? তাঁরা হয়তো নৃসিংহদেবের মর্মর বিগ্রহই চেয়ে বসবেন। আমি ভাবলাম প্র(াদ মহারাজের মূর্তির ব্যাপারে ভাস্করের সঙ্গে আলোচনা করব। ''মাফ করবেন, আমি গতবারে যখন আপনার কাছে এসেছিলাম, বলতে ভুলে গেছি, আমরা প্র(াদ মূর্তিও চাই। আমরা প্র(াদ-নৃসিংহদেব অর্চন করতে চাই। আপনার কী অভিমত?''

ভাস্কর নিশ্চিত করে বললেন, ''আমার মনে হয় না তা সম্ভব হবে।'' আমি হতবাক হয়ে তাঁর দিকে চেয়ে রইলাম। উনি মুচকি হেসে বললেন, ''আপনারা চান সব কিছু হবে যথাযথ শাস্ত্র অনুসারে। আপনাদের নৃসিংহদেব হবেন চারফুট উঁচু। তুলনামূলকভাবে হিসাব করলে আপনার প্র(াদ মহারাজ হবেন জীবানুর আকারের।''

আমি বললাম, ''আমরা চাই এক ফুট উঁচু প্র(াদ মহারাজ।''

ভাস্কর বললেন, '' বেশ, তাহলে তার অর্থ দাঁড়াচ্ছে আপনাদের নৃসিংহদেব হবেন ১২০

ফুট মতো উঁচু।'' প্র(াদ মহারাজের আকার নিয়ে আমরা অনেক যুক্তি(তর্ক করতে লাগলাম। অবশেষে ভাস্কর মশাই স্বস্তির নিঃশ্বাস ছেড়ে এক ফুট উঁচু প্র(াদ মহারাজ বানাতে রাজী হলেন। এবার মায়াপুরে ফিরে গেলে আমি কিছু সুখবর দিতে পারব।

দু'মাস পরে আমি দ(িণ ভারতে ফিরে আসি। অগ্রগতি কিছুই হয়নি। প্রতি ত্রিশ-চল্লিশ দিনে একবার করে আমি দ(িণ ভারত আর মায়াপুর যাতায়াত করতে থাকলাম। তারপর শিলা পাওয়া গেল, আর ঐ ভাস্কর যেন তখন একজন ভিন্ন মানুষ হয়ে গিয়েছেন। এক সপ্তাহের ওপর উনি বাড়ীতেই যাননি। ঘণ্টার পর ঘণ্টা, দিনের পর দিন, তিনি ঐ শিলাখণ্ডই নিরী(ণ করতে থাকলেন। উনার হাতে চক্‌ ছিল কিন্তু তা দিয়ে কিছুই আঁকেননি। তিনি তাঁর শ্রমিকদেরও কেবলমাত্র শিলাখণ্ডকে আয়ত করতে বাকী অংশগুলি বাদ দিতে বলেছিলেন। পরের বারে যখন ওনার নিকট গেলাম, তখন উনি ঐ শিলার ওপর একটি ছক্‌ করেছেন মাত্র। এই ব্যাস্‌। আমি তো চিন্তিত হয়ে পড়লাম। মায়াপুরের পরিচালক মণ্ডলী এদিকে অধৈর্য হয়ে উঠেছেন।

আমি হতাশ হয়ে তাঁকে জিজ্ঞাসা করলাম, ''আপনি কি নিশ্চিত যে, ছয় মাসের মধ্যে আপনি বিগ্রহের কাজ শেষ করতে পারবেন?''

উনি বললেন, ''ব্যাস্ত হবেন না, কাজ হয়ে যাবে।'' আমি মায়াপুরে ফেরা মাত্রই আবার দ(িণ ভারত যেতে হল, বিগ্রহের আরও কিছু বিস্তারিত ব্যাপার, সেগুলি ঠিকমতো হচ্ছে কি না সেই নিয়ে। আমি ঐ ভাস্করকে দেখলাম উনি গভীর মনোযোগ এবং যত্ন সহকারে এবং নিজে হাতেই বিগ্রহ খোদাই করছেন। সেই পর্যায়ে সেটি আর শিলা নেই, বিগ্রহের আকার এসে গেছে। ভাস্কর তখন বিগ্রহের বাহুতে অনন্ত বানাতে শু(করেছেন। সেগুলো করতে আর দু'সপ্তাহ লেগেছিল। সব কিছুই খবু সূ(্ম এবং মসৃণ করা হয়েছিল। আমি তা দেখে খুব সুখী এবং প্রভাবিত হয়েছিলাম। বিগ্রহ সম্পূর্ণ করতে ঐ ভাস্করের প্রায় এক বছরের একটু বেশী সময় লেগেছিল। বিগ্রহ সম্পূর্ণ করেই আমাকে উনি খবর দেননি, উনি কয়েক দিনের জন্য কোনও এক আত্মীয়ের বাড়ী বেড়াতে যাবেন ভেবেছিলেন। তখন ছিল বর্ষাকাল, কিছু লোক উনাদের বাড়ীতে বেড়াতেও এসেছিলেন, তাই তিনি ভেবেছিলেন, নৃসিংহদেবকে ঐ চালাঘরে তালা মেরে রাখলেই নিরাপদ। দু'দিন বাদে তাঁর একজন প্রতিবেশী ছুটে এসে খবর দিলেন যে সেই চালাঘরে আগুণ লেগেছিল। প্রচুর বৃষ্টি হয়ে সব কিছু ছিল ভেজা, কিন্তু নারকেল পাতার ছাউনিতে আগুন ধরে গেছে। তিনি ছুটে গিয়ে দেখলেন নৃসিংহদেব অ(ত, কিন্তু ছাউনি পুড়ে ছাই হয়ে গিয়েছে। সঙ্গে সঙ্গে উনি আমায় ফোন করেছেন, ''দয়া করে আপনার বিগ্রহ নিয়ে যান। উনি সব পুড়িয়ে ফেলছেন। উনি যে এ(ণই যেতে চাইছেন এ থেকে বোঝা যাচ্ছে।''

উৎসাহের সঙ্গে আমি দ(িণ ভারতে গেলাম, একটি লরী ভাড়া করলাম, তাতে অর্ধেকটা

বালি দিয়ে ভর্তি করা হল। আমি ভাস্করের কার্যালয়ে এসে ভাবলাম এরপর কাজগুলো সহজ হবে। আমি ভুলেই গেছিলাম যে, নৃসিংহদেব ভীষণ ওজনদার ব্যক্তি(ত্ব ঃ ওনার ওজন এক টন! দু'তিন ঘণ্টা চেষ্টা চালানোর পর আমরা বিগ্রহকে ছাউনি থেকে নিরাপদে লরীতে ওঠালাম। নিরাপদে রাজ্য সীমানাগুলি পার করতে আমাদের পুলিশের অনুমোদন, কেন্দ্রীয় বিক্র(য়কর বিভাগের অনুমোদন পত্র, নৃতত্ব বিভাগের নির্দেশক আর সেই সঙ্গে তামিলনাড়ুর শিল্প প্রতিষ্ঠানের নির্দেশকের অনুমোদন সংগ্রহ করতে হয়েছিল।

প্রয়োজনীয় কাগজপত্র দস্তখত করার আগে প্রতিটি আধিকারিক বিগ্রহ দর্শন করতে চাইছিলেন। নৃসিংহদেবের দর্শন করা মাত্রই ওঁরা খুব সহযোগী এবং সিদ্ধহস্ত হয়ে উঠছিলেন। চব্বিশ ঘণ্টার মধ্যে আমরা সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র হাতে পেয়ে গিয়েছি— ভারত সরকারের আমলাদের থেকে এতটা সহযোগিতা পাওয়া ছিল এক অলৌকিক ব্যাপার। মায়াপুরে ফিরে আসার সময়ও আমাদের ভ্রমণ ছিল শান্তিপূর্ণ এবং নির্বিঘ্ন, কারণ আমাদের র(ক আমাদের সঙ্গেই ছিলেন।

সাধারণত বিগ্রহ প্রতিষ্ঠার দিন ভাস্কর নিজে গর্ভগৃহে গিয়ে বিগ্রহের চ(ু খোদাই করেন। একে বলে নেত্রোন্মিলনম্‌ (নেত্রদান)। আমাদের নৃসিংহদেবের (ে ত্রে তা ছিল এক ব্যতিক্র(ম, ভাস্কর ইতিমধ্যেই নেত্রদান করে দিয়েছেন। তিনি শুধু নেত্রদানই করেননি, তিনি বিগ্রহের প্রাণ প্রতিষ্ঠাও করেছেন, তাতে একটু পূজা এবং আরতিও করতে হয়। এই জন্যই সমস্ত কাগজপত্র এত সত্বর পাওয়া গিয়েছিল আর পরমেশ্বর ভগবানকে নিয়ে আসাও খুব সহজ হয়েছিল—তাতে কোনও সন্দেহ নেই। তিনি উপস্থিত ছিলেন। আব ভগবান নৃসিংহদেবকে 'না' বলবে এমন সাধ্য কার?

শ্রীনৃসিংহদেবের প্রতিষ্ঠা অনুষ্ঠান ছিল খুব সোজা, তাতে তিনদিন লেগেছিল ঃ ২৮-৩০ শে জুলাই ১৯৮৬। আমার মনে হয়েছিল এই বিগ্রহ প্রতিষ্ঠা বুঝি সহজে হয়ে গেল। কাঞ্চিপুরমের শঙ্করাচার্যের গম্ভীর সতর্কবাণী আমাকে গভীরভাবে চিন্তিত করেছিল। কিন্তু উচ্চ, প্রাণবন্ত কীর্তন শ্রবণ করে আমি শান্তি অনুভব করেছিলাম। কলিযুগের একমাত্র যথার্থ ঐশ্বর্য সংকীর্তন যজ্ঞ সম্পূর্ণ ব্যাপারটির উপর প্রাধান্য বিস্তার করেছিল। তাতে আমি উজ্জীবিত ও সন্তুষ্ট বোধ করেছিলাম। এতদিনে সংকীর্তন আন্দোলনের র(ক শ্রীনৃসিংহদেব শ্রীমায়াপুরচন্দ্রোদয় মন্দিরে নিজেকে প্রকাশ করলেন। জয় শ্রীনৃসিংহদেব ভগবান কি— জয়! প্র(াদ মহারাজ কি— জয়!!

শ্রীশ্রীনৃসিংহদেবের দিব্য লীলা

—পঙ্কজাঙ্ঘ্রী দাস ব্রহ্মচারী

ভগবান ও ভগবানের ভক্ত(দের ত্রি(য়া-কলাপ সম্পর্কিত কাহিনীকে বলা হয় 'লীলা'। আমাকে যেহেতু ভক্ত(রা মায়াপুরে শ্রীশ্রীনৃসিংহদেবের পূজারী হিসেবে চেনেন, তাঁরা আমাকে নৃসিংহদেবের কিছু সাম্প্রতিক লীলা বলতে অনুরোধ করেন। এই লীলাগুলি অবশ্যই শাস্ত্রের মতো নয়, কারণ এসব লীলা যেসমস্ত ভক্ত(আমাদের বলেছেন, তাঁরা ছাড়া বেশি কোনও প্রমাণ আমাদের নেই। অধিকাংশ সময়ে তাঁরা ছাড়া সেই ঘটনার আর কোনও সা(ী ও ছিল না। যদিও অন্য কারও অলৌকিক কোন অভিজ্ঞতাকে সহজে মেনে নেওয়ার পাত্র আমি নই, কিন্তু সম্প্রতি অনেক কিছু ঘটতে শু(করেছে, তাই আমি নি(ি(য় থাকতে পারলাম না।

বিগত গৌর পূর্ণিমায় একজন মহিলা-ভক্ত(কে ডেকে আমি তাকে মহিলাদের মধ্যে নৃসিংহদেবের চরণামৃত বিতরণ করতে বলি এবং তা সে পালন করে। চরণামৃতের পাত্র ফিরিয়ে এনে, সে বলল যে —ভগবান নৃসিংহদেব তার ডাকে তৎ(ণাৎ সাড়া দিয়েছেন।

সে বলল—''আমি আজ সকালে তাঁর (নৃসিংহদেবের) কাছে প্রার্থনা করছিলাম, আমি যদি তাঁর কোন প্রত্য(সেবায় যুক্ত(হতে পারি।''

আমি বললাম—'' সত্যি, পবিত্র ধামে মনোবাসনা খুব সত্বর পূর্ণ হয়। দেখনা—একই দিনে তুমি কামনা করলে আর তা পূর্ণও হলো।''

—''একই দিনে নয়, সেই মুহূর্তে। যখনই আমি তাঁর সেবা করার ইচ্ছা প্রকাশ করেছি, তখনই আপনি আমাকে ডাকলেন।''

আমি বললাম—''বাঃ! কি চমৎকার। তুমি কি সেই আত্মরতি মাতাজীর ঘটনা শুনেছ, যার চোখ নিয়ে সমস্যা ছিল? ওনার দৃষ্টি শক্তি(ত্র(মশ (ীণ হয়ে আসছিল, তাই তিনি ভগবান নৃসিংহদেবের শরণাগত হন। তখনই নৃসিংহদেবের দিব্য কণ্ঠস্বর শুনতে পান—''পূজারীকে আমার আগের চোখ দুটি ফিরিয়ে দিতে বলো।'' তখন সেই মাতাজী আমাকে জানালে, আমি প্রয়োজনীয় ব্যবস্থা নেব—বললে, তিনি চলে যান।

আমি অত্যন্ত আশ্চর্য হলাম, কারণ কয়েকদিন পূর্বে একজন ভক্ত(নৃসিংহদেবের জন্য দুটি নতুন চোখ দান করলে, পূর্বের ব্যবহৃত চোখ দুটি খুলে নতুনগুলো ভগবানকে পরিয়েছিলাম। সেই অসুস্থ মাতাজীর কথায় আমি ভগবান নৃসিংহদেবের অভিপ্রায় বুঝতে

পারি এবং পর(ণেই তাঁর পূর্বের চোখ দুটো পরালাম। বিকালবেলা সেই মাতাজী এসে বললেন যে, তাঁর চোখের যাবতীয় সমস্যা থেকে তিনি সম্পূর্ণ মুক্ত(। আমার কথা শুনে মাতাজী বলল—''হ্যাঁ, আমি জানি। আমি শুনেছি, সেই রাত্রে ভগবান নৃসিংহদেব তাঁর সাথে কথা বলেছেন। আমি পাশের ফ্লাটে ছিলাম। সেই রাত্রে নৃসিংহদেবের দিব্য তেজে চতুর্দিক উদ্ভাসিত হয়েছিল। আমরা সারারাত ঘুমোতে পারিনি।''

এর কয়েক দিন পরেই আর একজন ভক্ত(বললেন, কিভাবে নৃসিংহদেব তাঁকে সাহায্য করেছেন—

''আমি খুব কষ্ট পাচ্ছিলাম। নৃসিংহদেব-মন্দিরের সামনে স্তম্ভে হেলান না দিয়ে দাঁড়াতেও পারছিলাম না। আমি প্রার্থনা করলাম, '' হে নৃসিংহদেব! আপনি আমার এই যন্ত্রণা দূর ক(ন, যাতে পূর্ণরূপে আমি আপনার সেবা করতে পারি।''

এই প্রার্থনার পরই আমি অনুভব করলাম যে, ত্র(মশ আমার দেহের সমস্ত যন্ত্রণা উপর দিকে উঠে আমার শরীর থেকে বিদূরিত হচ্ছে। সমস্ত যন্ত্রণা সত্যিই দূর হয়ে গেল।''

এক মাতাজী নৃসিংহদেবের দর্শনে এসেছিলেন। তিনি আমাকে জানালেন যে, গত দু'সপ্তাহ থেকে তাঁর শারীরিক অসুস্থতার দ(ন আসামে শ্রীবিগ্রহের অঙ্গরাগ করতে যেতে পারছেন না। এদিকে প্ে-নের টিকেট কাটা আছে। শ্রীবিগ্রহের সেবাটা অত্যন্ত জ(রী। এমতাবস্থায় তিনি আমার পরামর্শ চাইলেন। আমি তাঁকে উৎসাহের সঙ্গে বললাম—''মাতাজী, ভগবান নৃসিংহদেব আজকাল ভক্ত(র প্রার্থনা শ্রবণমাত্রই অভীষ্ট পূরণ করছেন। আপনিও যান, ওনাকে আপনার সমস্যার কথা বলুন।''

ঠিক পরের দিন সকালে ওনার সঙ্গে আমার দেখা হলে তিনি বললেন---''আপনার উপদেশের জন্য আপনাকে অশেষ ধন্যবাদ। জানেন, যখন মন্দির থেকে আমি বাড়ি ফিরে গেলাম, তৎ(ণাৎ আমার সমস্যা সম্পূর্ণ দূর হয়ে গেল।''

কয়েকদিন পরে অপর এক মাতাজী পূজারীদের ঘরে এসে তাঁর স্বপ্নের সম্বন্ধে বললেন—''নৃসিংহদেব পিতার মতো তাঁর সঙ্গে চলাফেরা করছিলেন। তখন তিনি শ্রীনৃসিংহদেবকে কীভাবে সেবা করতে পারেন, জিজ্ঞাসা করলে, শ্রীনৃসিংহদেব

বললেন—''আমাকে কিছু আম খাওয়াতে পার?''

সপ্তাহ খানেক পরে সেই মাতাজী যখন নিবেদন করার জন্য আম এনেছিল, তখন আর কয়েক জন্য পূজারীকে জননিবাস প্রভু বলেছিলেন, সেই মাতাজী কত ভাগ্যবতী যে, ভগবান শ্রীনৃসিংহদেব তার স্বপ্নে এসে তার সঙ্গে কথা বলে, তার হাত ধরে চলাফেরা করতে করতে, তাকে ব্যাক্তি(গত নির্দেশও প্রদান করেছেন। মাতাজী তখন আশ্চর্য হয়ে বলেছিল আমি আপনাকে সেই স্বপ্ন সম্বন্ধে আগে যা বলেছিলাম, প্রকৃত প(তার আরও কিছু অংশ বাকি থেকে গেছে। আসলে স্বপ্নের অর্ধেক অংশ বলেছি। ভগবান নৃসিংহদেব আমায় বলেছেন--আমার পূজারী আমার খুবই প্রিয়, তাই আমি ওকে আমার কাছে ফিরিয়ে নিতে চাই।''

—''না, না, অনুগ্রহ করে তা করবেন না।'' আমি ভয়ে শিউরে উঠি। ''আমরা চাই উনি এখানে থাকুন।''

—''না, আমি ওকে ফিরিয়ে নেওয়াই মনস্থ করেছি।''

—ভগবানের নিকট দীর্ঘ সময় কাকুতি-মিনতি করার পর, ভগবান ঘোষণা করলেন—''ঠিক আছে, তা হলে ওর পরিবর্তে একজন নেতাকেই উঠিয়ে নেব।''

এখন তো আপনারা জানেন, মাত্র কয়েকদিন আগে শ্রীল গৌরগোবিন্দ স্বামী মহারাজ আপাতচ(হৃদ্‌রোগে আত্র(ান্ত হয়ে আকস্মাৎ দেহত্যাগ করেছেন। তিনি ছিলেন গু(, সন্ন্যাসী এবং জিবিসি। সেটি আমি আগে উল্লেখ করিনি কেননা অন্যেরা হয়তো তাতে অখুশী হতো, কিন্তু এখন সেটি সত্য বলে প্রমাণিত হয়েছে। আমার মনে হয় এখন এই ব্যাপারটি আপনাকে বলা ঠিকই হবে।

এই ঘটনা যখন আমার ক্যারোলিনার বন্ধু বি(ান্তরকে বলি, তিনি বললেন, ''ভারি আশ্চর্য! আমার স্ত্রীও নৃসিংহদেব ও আমের স্বপ্ন দেখেছে। গতকাল যখন আমার স্ত্রী মায়াপুর মন্দিরের বাইরের রাস্তা দিয়ে যাচ্ছিল, তখন দোকানে আমের আচার দেখে নৃসিংহদেবের জন্য কিনতে চাইছিল। কিন্তু আচারের শুদ্ধতার প্রতি সন্দিগ্ধ হয়ে তা সে কিনল না। গতকাল রাত্রে ভগবান নৃসিংহদেব স্বপ্নে তাকে জিজ্ঞাসা করেন—''আমের আচার কোথায়?''

যখন শ্রীনৃসিংহদেব প্রথম মায়াপুরে আসেন, পূজারীরা তাঁর সেবা করতে ভয় পেত। বিশেষত ভবসিদ্ধি দাস তাঁর পূজো করতে ভীষণ ভয় পেত। একদিন রাত্রে নৃসিংহদেবের শয়ন দিয়ে বেরিয়ে যাবে(হঠাৎ এক প্রচণ্ড আওয়াজ—তার সারা শরীর শিউরে ওঠে। ভীত চ(সে পিছন ফিরে দেখে—সবই ঠিক আছে। তাড়াতাড়ি সে দরজা বন্ধ করে প্রণাম জানিয়ে, অজ্ঞাতসারে হয়ে যাওয়া কোনও অপরাধের (মা ভি(া করে ঘরে ফিরে আসে।

শেষ রাত্রে বিছানা কেঁপে ওঠায় তার ঘুম ভাঙ্গে, ভবসিদ্ধি উপরের বাঙ্কে ঘুমিয়েছিল।

সে ভাবল—সময় হয়ে গেছে, মঙ্গল আরতিতে যেতে হবে, তাই নীচে শুয়ে থাকা পূজারী বোধ হয় তাকে ডাকছে।

চোখ মেলে দেখে—শ্রীনৃসিংহদেব তার বিছানায় বসে। সেই ভাগ্যবান আতঙ্কিত পূজারী ওঠার চেষ্টা করতেই ভগবান তার দুই কাঁধ চেপে ধরেন। তাঁর করদ্বয় যেন ব্রহ্মাণ্ডের ভার বহন করছে। ভগবান তাকে সান্ত্বনা দিয়ে বললেন—''শান্ত হও! শান্ত হও! আমি তোমায় শুধু বলতে এসেছি যে, যখন তুমি মন্দিরে আমার সেবা কর, আমাকে ভয় পাওয়ার প্রয়োজন নেই। এই ভয় ত্যাগ কর।''

তারপরেই তিনি অন্তর্হিত হলেন। কিন্তু ভবসিদ্ধি চত্র(ভবনের বারান্দায় এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত ছুটোছুটি করতে থাকে। ভক্ত(রা তাকে জিজ্ঞাসা করে—'' কি হয়েছে?'' —তারা কিছু অসংলগ্ন উত্তর পায়। শেষে ভবসিদ্ধি ছুটে যায় নৃসিংহদেবের মন্দিরে এবং আকুতিভরে ভগবানকে সাষ্টাঙ্গ প্রণতি নিবেদন করে প্রার্থনা জানাতে থাকে। কিছু(ণ পরে সে একটু শান্ত হয় এবং ঘরে ফিরে আসে। সে ভাবতে থাকে, কেন সবাই তার দিকে অদ্ভুতভাবে তাকিয়ে আছে। তারপর সে উপলব্ধি করে—তাইতো, সে রাতের পোশাক পরেই মন্দিরে গিয়েছিল।

তারপর গত গৌর-পূর্ণিমায় ভবসিদ্ধির সাথে আমার দেখা হয়েছিল—ও এখন আমেরিকায় থাকে। এ ব্যাপারে আমি তাকে জিজ্ঞাসা করেছিলাম।

ও বলেছিল—''হ্যাঁ! আমার কাঁধে এখনও ভগবান নৃসিংহদেবের দুই হাতের চিহ্(বর্তমান। যদিও অনেকটা মুছে গেছে, তবুও বোঝা যায়।''

সে-ই কেবল নৃসিংহদেবের দর্শন পেয়েছে তা নয়। একদিন পাশের মঠের একজন সুপ্রতিষ্ঠিত ভক্ত(নৃসিংহদেবের পূজো দিতে এসে আমাদের প্রধান পূজারী জননিবাস প্রভুকে বলেন—''নৃসিংহ-চতুর্দশীর দিনে রাত্রি জাগরণ করে জপ করছিলাম। রাত্রি শেষে দেখি যে, ভগবান নৃসিংহদেব আমার ঘরে উপস্থিত। মৃদু হাস্যযুক্ত(আমাদের এই মন্দিরের নৃসিংহদেব আমার সামনে। তাঁর পরনে ছিল লাল পোষাক। আমার গু(মহারাজকে জানালে তিনি বলেন—তুমি খুব ভাগ্যবান। তোমার উচিত তাঁর পূজো দেওয়া।''

একবার এক পুত্রহারা পিতা-মাতা সারা দেশ খুঁজে শেষে তাঁরা খবর পেলেন, তাঁদের ছেলে মায়াপুরে আমাদের মন্দিরে রয়েছে। তৎ(ণাৎ তাঁরা মায়াপুরে এসে সারাদিন ধরে তাঁদের সন্তানের অনুসন্ধান করে বেড়িয়েছেন। কখনও অনুসন্ধান অফিসে, কখনও বা বিভিন্ন ভক্ত(দের নিকট জিজ্ঞাসা করছিলেন, কিন্তু কোথাও তাকে খুঁজে পাননি।

দিনের শেষে, সন্ধ্যা আরতির পর নৃসিংহদেবের আরতি হচ্ছে। ছেলেটির মা করজোড়ে নৃসিংহদেবের নিকট প্রার্থনা করছেন—'' হে ভগবান! গতবার যখন এসেছিলাম, আমি

তখন আনন্দের সাথে নৃত্য-কীর্তন করেছিলাম। কিন্তু এখন হৃদয় ভারাক্রান্ত, কারণ আমি আমার ছেলেকে হারিয়েছি, তাই জীবনে কোন আনন্দ পাচ্ছি না। হে ভগবান! আমার একমাত্র ছেলে যদি ফিরে আসে তাহলে আমিও দু'হাত তুলে বলবো— হরিবোল! হরেকৃষ্ণ!!"

এই প্রার্থনা করা মাত্র তাঁর ছেলে নৃসিংহদেব ও তাঁর মাঝে এসে দাঁড়াল। পিতা-মাতা উভয়েই এখন দীক্ষা গ্রহণ করেছেন, নামহট্ট কেন্দ্র শুরু করে তাঁরা উৎসাহের সাথে ভগবৎ-মহিমা প্রচার করছেন।

আরও অনেক — অনেক কাহিনী আছে--কিন্তু সেগুলো বলতে আমার অস্বস্তি হবে। আমি বলতে পারব না। কারণ, না বলার জন্য আমি তাঁদের নিকট প্রতিশ্রুতিবদ্ধ।

যেসকল ভক্ত আমাকে এই কাহিনীগুলো বলেছেন, তাঁদের বিশ্বাস ও নিষ্ঠা আরও জোরালো হয়েছে। অবশ্যই আমারও শ্রদ্ধা ও নিষ্ঠা বর্ধিত হয়েছে। শাস্ত্র না হলেও এই কাহিনীগুলো পাঠ করলে অন্যেরাও সমানভাবে উপকৃত হবেন। এই কাহিনীগুলো আমাদের কৃষ্ণভাবনামৃতে অগ্রগতির সহায়ক।

পঙ্কজাঙ্ঘ্রি দাস ১৯৭৩ সালে ইংল্যাণ্ডের ইস্কন মন্দিরে যোগদান করেন। তাঁর জমজ ভ্রাতা জননিবাস প্রভু সেই সময়ে শ্রীধাম মায়াপুরে ছিলেন। পরের বছর পঙ্কজাঙ্ঘ্রি প্রভুও মায়াপুরে চলে আসেন। তখন থেকেই এই জমজ ভ্রাতৃদ্বয় অত্যন্ত নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে শ্রীবিগ্রহের সেবা নিখুঁত ভাবে চালিয়ে যাচ্ছেন। ১৯৮৬ সালে মায়াপুরে শ্রীনৃসিংহদেবের শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা হওয়ার পর থেকে তিনিই তাঁর প্রধান সেবক রূপে সেবা করে আসছেন। এই জমজ পূজারী ভ্রাতৃদ্বয়ের ঐকান্তিকতা এবং শুদ্ধতা বৈষ্ণব সমাজে এক উজ্জ্বল দৃষ্টান্ত।

—মায়াপুর জার্নাল থেকে গৃহীত।

আমি আমার চোখ ফেরৎ চাই

গ্রীসের আত্মরতি দাসী ইস্কনে ১৯৮০ সালে যোগদান করেন। তিনি বর্তমানে শ্রীধাম মায়াপুরে বসবাস করছেন। তার স্বামীর নাম গোকুলানন্দ দাস এবং কন্যার নাম গৌরলীলা দাসী। আত্মরতি দাসীর কোন কারণে এক সময় চোখের দৃষ্টি অনেকটা ক্ষীণ হয়ে পড়ে। একদিন ভগবান নৃসিংহদেবের পরম ভক্ত প্রহ্লাদ মহারাজ সমীপে কৃপা প্রার্থনার সময় তিনি দেখতে পান শ্রীনৃসিংহদেব বলছেন, তাঁর চোখ ফিরিয়ে দিলে আত্মরতির চোখ ভাল হয়ে যাবে। সংক্ষিপ্ত পূজারীকে এই ঘটনা জানালে ভগবান নৃসিংহদেবের চোখ পরিবর্তন করা

হয়। এর পরই তিনদিনের মধ্যে আত্মরতি দাসীর চোখের দৃষ্টি ভাল হয়ে যায়। এই অত্যাশ্চর্য ঘটনা তিনি 'হরে কৃষ(টু-ডে' পত্রিকায় লিখনীর মাধ্যমে তুলে ধরেন। এর বঙ্গানুবাদ এখানে তুলে ধরা হল।

গত বছর গ্রীষ্মকালের একদিন সকালে আনুমানিক ১১টার সময় আমি মায়াপুরে শ্রীনৃসিংহদেবের মন্দিরে যাই। সেখানে প্রভু নৃসিংহদেবের পরমভক্ত(প্র(াদের উদ্দেশ্যে আমার বিনীত প্রার্থনা জানাই। ঐ সময় বিস্ময়ের সাথে আমি প্রভুর এক মন্দির লীলা প্রত্য(করি।

মন্দিরে শ্রীনৃসিংহদেবের সামনে ভক্ত(প্র(াদ হাতজোড় করে দণ্ডায়মান অবস্থায় রয়েছেন। তাঁকে দণ্ডবৎ প্রণাম করে আমি প্রার্থনা জানাই ঃ '' হে সুপ্রিয় প্র(াদ, আপনি প্রভু নৃসিংহদেবের

কাছ থেকে সব ধরনের কৃপা গ্রহণে অতুলনীয়। এমনকি আপনি নিজের দানব পিতা হিরণ্যকশিপুকে (মা করে দেওয়ার কৃপা পর্যন্ত প্রভুর কাছ থেকে গ্রহণ করতে স(ম হয়েছিলেন। ভগবৎ সেবার পথে সব ধরনের বাধা-বিপত্তি যেন এই দাসীর দূর হয় এবং তার আত্মার কলুষতা যাতে নাশ হয় সেজন্য দয়া করে আপনার প্রভুকে কৃপা করতে বলুন। আমাকে প্রকৃত শান্তির পথ দেখান।'' এই প্রার্থনা জানিয়ে যখন আমি প্রভু নৃসিংহদেবের সৌন্দর্য এবং কৃপা সম্পর্কে ধ্যান করছিলাম, 'তখন এক গভীর অথচ সুমিষ্ট শব্দ শুনতে পেলাম'—''আমি আমার চোখ ফেরৎ চাই'', প্রথমে বিষয়টি অগ্রাহ্য করি এবং নিজের মনকে প্রার্থনায় নিয়োজিত রাখতে সচেষ্ট হই। কিন্তু দ্বিতীয়বার একই শব্দ আমার কানে ভেসে আসে, ''আমি আমার চোখ ফেরৎ চাই''— এই স্পষ্ট নির্দেশনা শুনেও আমি পুনরায় এতে গু(ত্ব আরোপ না করায় পরমুহূর্তেই আমার হৃদয়ে এক ধরনের জ্বালা এবং ব্যথা অনুভব করতে থাকি। এ অবস্থায় করণীয় কী সে সম্পর্কে আমি কিংকর্তব্য বিমূঢ় হয়ে পড়ি। এরপর শুনতে পেলাম ঃ ''পূজারীর কাছে যাও।'' আমি চিন্তা করলাম, আচ্ছা পূজারীর কাছে যাব এবং এ সম্পর্কে তাঁকে সব কিছু বলবো। কারণ এতে আমার হারানোর কিছু তো নেই। যদি পূজারী ভাবে আমি উন্মাদ, তাতে বড় জোর আমার অহমিকা কিছু কমবে বই কি!

ভগবান নৃসিংহদেবের কাছে তখন বিনীতভাবে প্রার্থনা জানাই, যাতে আমি তাঁর নির্দেশ যথাযথভাবে পালন করতে পারি। প্রভুকে দণ্ডবৎ প্রণাম করে অতিদ্রুত আমি পূজারী ক(উপস্থিত হই। সেখানে আমি শ্রীপাদ জননিবাস প্রভুকে শ্রীমদ্ভাগবত পাঠ করতে দেখি। এ ক(র পরিবেশ তখন ছিল অতি পবিত্র এবং অপ্রাকৃত ধরনের। আমি সেখানে কয়েক

মিনিট দাঁড়িয়ে থাকি এবং আমার উপস্থিতি যাতে তাঁর নজরে পড়ে সেজন্য অপে(া করতে থাকি। এরপর আমি তাঁকে সমস্ত ঘটনা খুলে বলি। তিনি আমাকে শ্রীনৃসিংহদেবের মূল পূজারী পঙ্কজাঙিঘ্র প্রভুর কাছে যেতে বললেন।

যেভাবেই হোক আমি বুঝতে পারলাম যে, এই পর্যায়ে আমার এর চেয়ে বেশী কিছু করার নেই এবং করাও উচিত হবে না। পরদিন আমি আবার নৃসিংহদেবের সামনে উপস্থিত হলাম। সেই সময় আমার মনে সন্দেহ জাগল, তবে কি গত ছয় সপ্তাহ ধরে আমার চোখের যে ব্যাথা এবং দৃষ্টিশক্তি(কমে আসছিল তা দূর করার জন্যই প্রভু— ঐভাবে আদেশ করছিলেন? এভাবে চিন্তা করে আমি এর উত্তরের জন্য প্রভুর কাছে প্রার্থনা জানাই। তখন একই শব্দ শুনতে পেলাম। তবে আগের চেয়ে আরও দৃঢ় স্বরে ঃ ''যখন আমারটা পাব তখন তুমিও তোমার চোখ ফিরে পাবে।'' আমি প্রভুর দিকে তাকালাম। তাঁর চেহারা থেকে মৃদু দ্যুতি ছড়িয়ে পড়ছে। এই দেখে আমার হৃদয় প্রশান্তিতে ভরে গেল।

পরদিন সকাল ২টা ২০ মিনিটে অতি তৃপ্তমনে আমার ঘুম ভেঙ্গে গেল। আমার জন্য এই অবস্থা ছিল অপ্রত্যাশিত কারণ সাধারণত সকাল ৬টায় আমি ঘুম থেকে উঠি, মনে হল একটা কোমল স্বর যেন আমাকে ঘুম থেকে উঠে স্নান করে মঙ্গল আরতিতে যোগদানের জন্য আহ্বান জানিয়েছিল। সে অনুযায়ী আমি উত্ত(আরতিতে অংশগ্রহণ করি। অনুষ্ঠান শেষ হওয়ার পর সেই একই স্বর যেন আমাকে নৃসিংহদেবের বেদী থেকে পূজারী ক(যাওয়ার জন্য পঙ্কজাঙিঘ্র প্রভুকে অনুসরণের তাগাদা দিল। আমি খুবই বিব্রত বোধ করলাম এবং এই সময় আমার চোখ অশ্রুতে ভরে উঠলো।

পঙ্কজাঙিঘ্র প্রভু শ্রীনৃসিংহদেবের অভিষেকের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র তখন তৈরী করছিলেন। আমি এই সময় কথা বলা আরম্ভ করলাম। তিনি খুব মনোযোগ দিয়ে আমার গল্প শুনলেন। তারপর কিছু না বলে হাসলেন এবং আমাকে প্রভু নৃসিংহদেবের থালা থেকে কিছু মিষ্টি প্রসাদ দিলেন।

পরদিন সকালে আমার মেয়ে মন্দির থেকে যখন ফিরে আসে তখন চিৎকার করে বলল ঃ ''মাম্মি, তারা নৃসিংহদেবের চোখ পরিবর্তন করেছে, এখন তাঁর সুন্দর লাল রংয়ের চোখ হয়েছে।'' এর তিনদিনের মধ্যেই আমার চোখের দৃষ্টি আশ্চর্যজনকভাবে ভাল হয়ে যায়। সবই নৃসিংহদেবের কৃপা, কারণ সেই গভীর অথচ মধুর শব্দ যে আমাকে প্রতিশ্রুতি দিয়েছিল! শ্রীমায়াপুরের কৃপালু প্রভু শ্রীশ্রীনৃসিংহদেবের জয় হোক, জয় হোক!

—অনুবাদক ঃ শ্রীমনোরঞ্জন দে।

মহাভয়ঙ্কর রূপে শ্রীনৃসিংহদেব

ওঁ নমো ভগবতে শ্রীমহানৃসিংহায় দংষ্ট্রাকরালবদনায় ঘোরূপায় বজ্রনখায় জ্বালামালিনে মম বিঘ্নান্ পচ পচ মম ভয়ান্ ভিন্দি ভিন্দি মম শত্রু(ন্ বিদ্রবয় বিদ্রবয় মম সর্বারিষ্টান্ প্রভঞ্জয় প্রভঞ্জয় ছট ছট, হন হন, ছিন্দি ছিন্দি মম সর্বাভিষ্টান্ পূরয় পূরয় মাম্ র(র(হুম্ ফট্ স্বাহা।

‘‘ করাল দন্ত সমন্বিত ঘোররূপী বজ্রনখ বিশিষ্ট ভগবান মহানৃসিংহদেব আপনি আমার বিঘ্ন সমূহকে বিনাশ ক(ন, আমার ভয়কে বিদূরিত ক(ন, আমার শত্রুগণকে ধ্বংস ক(ন। আমার সমস্ত অমঙ্গল সর্বতোভাবে বিনাশ ক(ন। ছেদ ক(ন! ছেদ ক(ন! হত্যা ক(ন-হত্যা ক(ন, আমার সমস্ত অভিষ্ট পূর্ণ ক(ন, পূর্ণ ক(ন, আমাকে র(া ক(ন, র(া ক(ন।’’

নৃসিংহদেবের এই মহামন্ত্র ভয়ঙ্কর— তাই না? বিশেষ করে মঙ্গলারতির সময় যখন সূর্যোদয়ের পূর্বে অন্ধকার থাকে, তখন যাঁরা মায়াপুরের শ্রীনৃসিংহদেবের শ্রীবিগ্রহ দর্শন করেছেন তাঁরা নিশ্চয় ল(্য করেছেন, তাঁর মন্দিরের দরজা খোলার সঙ্গে সঙ্গে কেমন ভয়ঙ্কর রূপ প্রকশিত হয়। তাতে ২০০টি তৈল প্রদীপের আলোয় তিনি উদ্ভাসিত হন। তখন তাঁর চোখ এবং দাঁতগুলি উজ্জ্বল হয়ে ওঠে এবং সিংহের মতো উন্মুক্ত(মুখগহ্বর দর্শন করা যায়। আপনারা নিশ্চয় জানেন এই বর্ণনা মোটেই অতিরঞ্জিত নয়।

গর্ভমন্দিরে পূজারী বিশাল একটি কর্পূর এবং একটি ঘি-এর জ্বলন্ত প্রদীপ দিয়ে আরতি করেন। বাইরে অনেক ভক্ত(তা দর্শনের জন্য ভীড় করে থাকেন, যেহেতু তাঁরা জানেন, এই মঙ্গল আরতি আর মাত্র তিন চার মিনিটের মধ্যেই সমাপ্ত হয়ে যাবে।

কেবলই সকাল ৫টা বেজেছে। আরতি শেষ হলে শ্রীনৃসিংহদেবের বেদীর শক্ত(কাঠের দরজা বন্ধ করে দেওয়া হয়েছে। আমি গর্ভ মন্দিরে প্রবেশ করার পূর্বে সাষ্টাঙ্গ প্রণিপাত করে শ্রীল প্রভুপাদের এবং সমবেত ভক্ত(বৃন্দের আশীর্বাদের জন্য প্রার্থনা জানাই। ভগবানের সামনে দণ্ডায়মান হয়ে করজোড়ে প্রার্থনা করি ‘‘হে কেশব, হে জগৎপতি, হে অর্ধনর অর্ধসিংহ রূপধারী শ্রীহরি, আপনার জয় হোক! ঠিক যেমন নখের দ্বারা একটি বোলতাকে মেরে ফেলা যায়, তেমনি ভাবে আপনি বোলতার মতো হিরণ্যকশিপুরূপধারী অসুরকে বিনাশ করেছেন। তাকে আপনি আপনার অপূর্ব সুন্দর করকমলের শক্ত(নখের দ্বারা বিদীর্ণ করেছেন।’’

মেঝে পরিষ্কার করে কুশাসনে উপবিষ্ট হয়ে পূজা শু(হয় ..... প্রথমে আমি ব্যবহার্য উপকরণগুলি এবং সেই সঙ্গে আমার দেহ ও মনকে পবিত্র করি। তারপর আমি আমার পারমার্থিক পরিচয়ের বিষয়ে ধ্যান করি, যা হচ্ছে আমি এই দেহ থেকে ভিন্ন এবং আমি ভগবানের নিত্য দাসানুদাস। তারপর আমার গু(দেব শ্রীল প্রভুপাদকে চন্দন, পুষ্প, ধূপ,

দীপ এবং কিছু নৈবেদ্য অর্পণ করে পূজা করি। তারপর ভগবান শ্রীনৃসিংহদেবের অর্চনায় তাঁকে সহায়তা করার জন্য অনুমতি প্রার্থনা করি।

ভগবান নৃসিংহদেবের নিকট জলের মাধ্যমে— মন্ত্র দ্বারা ষোড়শ উপচার অর্পণ করার পর শ্রীচৈতন্য মহাপ্রভু এবং শ্রীপ্র(াদ মহারাজকে একই ভাবে আরাধনা করি।

আমি শ্রীপ্র(াদ মহারাজের শ্রীবিগ্রহের পাদপদ্মে আমার মস্তক, স্পর্শ করে তাঁর আশীর্বাদের জন্য প্রার্থনা করি ঃ পরমেশ্বর ভগবান কেবল মাত্র আপনার আসুরিক পিতা হিরণ্যকশিপু কর্তৃক আপনার প্রতি প্রদত্ত ক্লেশ নিবারণের জন্য আবির্ভূত হয়েছিলেন। হে প্র(াদ মহারাজ আপনি হচ্ছেন ভগবৎ ভক্তি(র মহান আচার্য, দ্বাদশ মহাজনের অন্যতম। আপনি কৃপা করে এই জ্ঞান দান ক(ন যাতে আমি পারমার্থিক সত্য উপলব্ধি করতে পারি।

শ্রীনৃসিংহদেবের বেদীতে ৬০খানা শালগ্রাম শিলা রয়েছেন। অভিষেক করার জন্য আমি তাঁদেরকে উঠিয়ে নিয়ে আসি। মাঝখানের বড় শিলাটি হচ্ছেন নৃসিংহ শালগ্রাম, তাঁর মস্তকে চুড়া রয়েছে, শাস্ত্রে ভগবানের শ্রীবিগ্রহের পাদপদ্মে মস্তক স্পর্শ করানোর বিধান থাকলেও তা সর্ব্বদা ব্যবহারিক অথবা সম্ভব নয়। সুতরাং আমরা ভক্ত(দের মস্তকে সাতারি স্পর্শ করাই, কেননা টোপরের মতো ঐ বস্তুটির উপর শ্রীবিগ্রহের পাদুকাদ্বয় সংযুক্ত(রয়েছে। পূজারী হওয়ায় আমরা একটি বিশেষ সুবিধা লাভ করে থাকি, সেটি হচ্ছে ভগবানের পাদপদ্মে আমরা সরাসরি মস্তক স্পর্শ করতে পারি। ভগবানের কোন অসুবিধা যাতে না হয়, সেই ভেবে তাঁর নিকট আশীর্বাদ এবং (মা ভি(া করে ভগবানের পোশাক খুলে দিয়ে ভেজা নরম তোয়ালে দিয়ে তাঁর শরীর মুছে দিই। আমি যখন খস বা চন্দনের সুগন্ধি তেল দিয়ে তাঁকে মালিশ করি, তখন তাঁর শরীর উজ্জ্বল হয়ে ওঠে। তাঁর রূপ অপূর্ব, হাল্কা এবং সুন্দরভাবে গঠিত, তাঁকে তেজস্বী অথচ কৃপালু বলে মনে হয়। তাঁর জানুদ্বয় বাঁকানো, লাফ দেওয়ার জন্য প্রস্তুত, তাঁর কোমরে রয়েছে কোমর বন্ধ, যার বন্ধনের নিকটে রয়েছে একটি সিংহের মুখ, তাঁর চোয়াল দুটি বড় এবং মাঝখানে জিহ্বা রয়েছে—আমিও জানিনা সেটি কার। তাঁর নাভিদেশ গম্ভীর এবং ব(দেশ প্রশস্ত, ভগবান শ্রীনৃসিংহদেবের দিব্য শরীর মসৃন, স্পর্শ করলে কোমল এবং অত্যন্ত নয়ন রঞ্জন। তাঁর হস্তে রয়েছে বলয় এবং অন্যান্য অলংকার। তিনি অষ্টভূজ সমন্বিত, তার মধ্যে সামনের দুটি হাত ব্রহ্মার প্রতিশ্রুতি র(ার জন্য রয়েছে উন্মুক্ত(, তাতে কোন অস্ত্র নেই। তাঁর আর ছয়টি হাতে রয়েছে, তলোয়ার, পদ্ম, চক্র(, শঙ্খ, গদা এবং ঢাল।

ভগবান তাঁর ভক্ত(র প্রতি অবহেলা কখনও সহ্য করতে পারেন না। বলা হয়, ‘মুখ দেখে মনের খবর জানা যায়’। তা যদি সত্য হয়, তবে দেখতে পারব অসুররাজ হিরণ্যকশিপুকে আক্র(মণ করার জন্য তিনি যখন স্তম্ভ থেকে নির্গত হয়েছিলেন, তখন তিনি কত ভয়ঙ্কর ছিলেন। হিরণ্যকশিপু ভগবানের শুদ্ধ ভক্ত(প্র(াদকে হত্যা করতে চেয়েছিল।

